**অধিদপ্তর-দপ্তর-সংস্থার নামঃ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা।**

১। উদ্ভাবনের শিরোনামঃ **"নায়েমের সামগ্রিক সেবাসমূহকে একটি মোবাইল এ্যাপে নিয়ে আসা"**

২। কীভাবে যাত্রা শুরু/ পটভূমিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রবেশ করি এবং পরবর্তীতে ১৪৯ তম বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করি। প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য প্রশিক্ষণ শুরু হওয়ার আগের দিন প্রশিক্ষণার্থীরা সবাই নায়েম ক্যাম্পাসে এসে উপস্থিত হই। তারপর দীর্ঘ সময় অপেক্ষা করার পর আমরা নায়েম হোস্টেলে নির্ধারিত রুমের চাবি হাতে পেলাম। নায়েম ক্যাম্পাসে উপস্থিত হওয়ার আগে আমরা কোনোভাবেই জানতাম না যে, আমাদের নামে কোনো আবাসিক ব্যবস্থা করা হয়েছে কিনা বা করা হলেও কোন হোস্টেলে করা হয়েছে বা সিট নাম্বার কত।

নায়েম-এ যেসমস্ত প্রশিক্ষণার্থীরা বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আসেন তারা তাদের জন্য আবাসিক রুম বরাদ্দ সম্পর্কিত কোনো তথ্য সাধারণত আগে জানতে পারেন না; ক্লাস শুরু হওয়ার পর প্রতিদিনের ক্লাস রুটিন আগে দেখতে পারেন না; পরীক্ষার তারিখ সঠিক সময়ে বা পূর্বে জানতে পারেন না; পরীক্ষার রেজাল্ট সহজে জানতে পারেন না; লেকচার শীট বিলম্বে পান; বক্তা মূল্যায়ন শীট বিলম্বে পান ও পূরণ করেন; প্রতিদিনের খাবার মিল হিসাব করতে সমস্যায় পড়েন; এবং খাবারের টাকা পরিশোধ করতে সমস্যায় পড়েন।

অন্যান্য সেশনের মতো বুনিয়াদি প্রশিক্ষণে "ইনোভেশন" সম্পর্কিত একটি সেশন হয়। সেখানে বলা হয় যে, আমাদের সেবা প্রদান করার প্রক্রিয়াকে সহজীকরণ করার মাধ্যমে বিদ্যমান সেবাসমূহকে আরো সহজে ও কার্যকরীভাবে মানুষের কাছে পৌঁছে দেয়া সম্ভব। সেই সেশনটি করার পরেই মূলত আমি নায়েমের বিদ্যমান সেবাসমূহকে কিভাবে স্বল্প খরচে সহজীকরণের মাধ্যমে ভোগান্তি কমিয়ে সর্বোত্তম উপায়ে প্রশিক্ষণার্থীদের কাছে পৌঁছে দেয়া যায় সে বিষয়ে চিন্তা-ভাবনা করতে শুরু করি। পরবর্তীতে উক্ত বুনিয়াদি প্রশিক্ষণে ইনোভেশনের উপর আরো কিছু সেশন হয়, সেগুলোও আমাকে আরো পরিশীলিতভাবে ভাবতে সহায়তা করে। তবে এক্ষেত্রে ইনোভেশন বিষয়ক বিভিন্ন সহায়তা করার জন্য নায়েম কর্তৃপক্ষ ও এটুআই কর্তৃপক্ষের জনাব জিয়াউল হক স্যারকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করতে চাই। সার্বিক সহযোগিতার জন্য আমি আমার টিমের অন্য সদস্যদেরকেও বিশেষ ধন্যবাদ দিতে চাই।

নায়েমের সামগ্রিক সেবাসমূহকে সহজীকরণ বিষয়ে আমার আইডিয়াটি প্রথমে আমি আমার টিমের সদস্যদের সাথে ও নায়েমের মেন্টর স্যারের সাথে আলোচনা করি। পরবর্তীতে এই আইডিয়াটি আমি নায়েম কর্তৃপক্ষ, এটুআই কর্তৃপক্ষ ও বুনিয়াদি প্রশিক্ষণার্থীদের সামনে উপস্থাপন করি। তাদের কাছ থেকে যে পরামর্শ পাই সে অনুযায়ী আইডিয়াটির কাঠামোতে প্রয়োজনীয় পরিমার্জন ও পরিবর্ধন করি। পরবর্তীতে নায়েম ক্যাম্পাসে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিং-এ এই আইডিয়াটি প্রদর্শন করা হয় এবং বিচারকদের রায়ে এই আইডিয়াটি প্রথম স্থান অধিকার করার গৌরব অর্জন করে। পরবর্তীতে নায়েম কর্তৃপক্ষ বিদ্যমান সেবা সহজীকরণের লক্ষ্যে **"নায়েমের সামগ্রিক সেবাসমূহকে একটি মোবাইল এ্যাপে নিয়ে আসা"** শীর্ষক আইডিয়াটি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সেটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

আইডিয়াটি বাস্তবায়নে কোনো চ্যালেঞ্জ আছে কিনা তা বোঝার জন্য প্রথমে আইডিয়াটির পাইলটিং করা যেতে পারে অথবা বাস্তবায়নের ক্ষেত্রে যদি কোনো চ্যালেঞ্জ দেখা দেয় তাহলে সেগুলো ধাপে ধাপে সমাধান করা যেতে পারে।

আইডিয়াটির বাস্তবায়ন টেকসইকরণে নিয়মিত পর্যবেক্ষণে রাখতে হবে এবং প্রয়োজন অনুযায়ী পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে হবে।

৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে আনবেঃ

এই আইডিয়াটির বাস্তবায়ন প্রতি বছর শিক্ষা ও প্রশিক্ষণের সাথে সম্পর্কিত প্রায় ১০,০০০ মানুষের সেবা প্রাপ্তিকে সহজ করে তুলবে। সেবা প্রাপ্তির ক্ষেত্রে তাদের সময়, অর্থনৈতিক ব্যয় ও আসা-যাওয়ার পরিমাণ কমাবে। এতে করে নায়েমের সেবা গ্রহীতাদের স্বল্প খরচে সর্বোত্তম সেবা প্রাপ্তি নিশ্চিত হবে।

**প্রকল্পটি বা আইডিয়াটি বাস্তবায়নের লক্ষ্যগুলো হলো -**

১। নায়েম কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সগুলোর বিভিন্ন কার্যক্রমের গতিকে আরো ত্বরান্বিত করা ; ২। সেবা প্রাপ্তিকে সহজতর করা;

৩। সর্বোপরি নায়েমের সামগ্রিক সেবাসমূহকে একটি মোবাইল এ্যাপে নিয়ে আসা।

**প্রকল্পটি বাস্তবায়নের ফলে যেসব সুফল পাওয়া যাবে -**

১। নায়েম সম্পর্কিত তথ্য পাওয়া যাবে;
২। প্রশিক্ষণার্থীদের তালিকা পাওয়া যাবে;
৩। কক্ষবরাদ্দের তথ্য পাওয়া যাবে;
৪। আগেই প্রতিদিনের ক্লাস রুটিন পাওয়া যাবে;
৫। পরীক্ষার তারিখ জানা যাবে;
৬। পরীক্ষার রেজাল্ট জানা যাবে;
৭। লাইব্রেরী সংক্রান্ত তথ্য জানা যাবে;
৮। লেকচার শীটের দ্রুত প্রাপ্তি নিশ্চিত করা যাবে;
৯। লেকচার শীটগুলো অনলাইনে দেয়া সম্ভব হলে কোনো ফটোকপির দরকার হবে না;
১০। প্রশিক্ষণার্থীরা অনলাইনে লগ-ইন করে বক্তা মূল্যায়ন শীট পূরণ করতে পারবে;
১১। নিজস্ব অনলাইন একাউন্টে লগ-ইন করে যেকোনো অভিযোগ বা পরামর্শ প্রদান করা যাবে;
১২। প্রশিক্ষণার্থীগণ বিকাশ বা রকেট নাম্বারের মাধ্যমে খাবার টাকা পরিশোধ করতে পারবে;
১৩। অনলাইন সুবিধা নিয়ে ম্যানেজারগণ প্রতিদিনের মিলের হিসাব করতে পারবে।

**আইডিয়াটির বাস্তবায়ন আরো যে যে ক্ষেত্রে গুণগত ইতিবাচক পরিবর্তন আনবে--**

**পদ্ধতিঃ** এই আইডিয়াটির বাস্তবায়ন ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সকল সেবাসমূহ একটি মোবাইল এ্যাপের মাধ্যমে দেয়া যাবে। মোবাইল এ্যাপের মাধ্যমে সেবাপ্রদান প্রক্রিয়া প্রচলিত ম্যানুয়াল পদ্ধতিতে আমুল পরিবর্তন আসবে।

**সময়ঃ** আইডিয়াটি বাস্তবায়িত হলে অনেক সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবাগ্রহীতাকে শারীরিকভাবে উপস্থিত হতে হবে না। এতে করে আসা-যাওয়া ও অপেক্ষার জন্য ব্যয়িত সময় বেঁচে যাবে।

**ভোগান্তিঃ** অধিকাংশ সেবা মোবাইল এ্যাপ ভিত্তিক হওয়ার কারণে সেবা গ্রহীতাদের অহেতুক ভোগান্তি কমে যাবে।

**ব্যয়ঃ** মোবাইল এ্যাপের মাধ্যমে সেবা প্রাপ্তি নিশ্চিত করা গেলে আসা-যাওয়া ও থাকার জন্য কোনো অর্থ ব্যয় করতে হবে না। এতে করে সেবাগ্রহীতার অর্থনৈতিক ব্যয় অনেকাংশে থাকবে না বললেই বলা চলে।

**সেবার মানে পরিবর্তনঃ** সেবা প্রদান পদ্ধতিতে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে এ্যাপের ব্যবহার সেবাগ্রহীতাদের সময়, ভোগান্তি, ও অর্থনৈতিক ব্যয় কমিয়ে সেবা প্রাপ্তিকে সহজীকরণ করবে এবং সেবার মানে ইতিবাচক ও গুণগত পরিবর্তন আনবে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/ অনুভূতিঃ


উক্ত আইডিয়াটি বুনিয়াদি প্রশিক্ষণার্থীগণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপনা করা হয়েছে এবং তারা এই আইডিয়াটির সুফল প্রাপ্তির বিষয়ে ইতিবাচক মন্তব্য করেছেন। তারা বলেছেন যে, এই আইডিয়াটি বাস্তবায়ন করতে পারলে নায়েম কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সগুলোর বিভিন্ন কার্যক্রমের গতিকে আরো ত্বরান্বিত করা যাবে ; সেবা প্রাপ্তিকে সহজতর করা যাবে ; এবং সর্বোপরি নায়েমের সামগ্রিক সেবাসমূহকে একটি মোবাইল এ্যাপে নিয়ে আসা যাবে।

তারা আরো বলেছেন যে, আইডিয়াটি বাস্তবায়নের ফলে খুব সহজেই নায়েম মোবাইল এ্যাপে নায়েম সম্পর্কিত যাবতীয় তথ্য পাওয়া যাবে ; প্রশিক্ষণার্থীদের তালিকা পাওয়া যাবে ; কক্ষ বরাদ্দের তথ্য পাওয়া যাবে ; আগেই প্রতিদিনের ক্লাস রুটিন পাওয়া যাবে ; পরীক্ষার তারিখ জানা যাবে ; পরীক্ষার রেজাল্ট জানা যাবে ; লাইব্রেরী সংক্রান্ত তথ্য জানা যাবে; লেকচার শীটের দ্রুত প্রাপ্তি নিশ্চিত করা যাবে; লেকচার শীটগুলো অনলাইনে দেয়া সম্ভব হলে কোনো ফটোকপির দরকার হবে না ; প্রশিক্ষণার্থীরা অনলাইনে লগ-ইন করে বক্তা মূল্যায়ন শীট পূরণ করতে পারবে ; নিজস্ব অনলাইন একাউন্টে লগ-ইন করে যেকোনো অভিযোগ বা পরামর্শ প্রদান করা যাবে ; প্রশিক্ষণার্থীগণ বিকাশ বা রকেট নাম্বারের মাধ্যমে খাবার টাকা পরিশোধ করতে পারবে ; অনলাইন সুবিধা নিয়ে ম্যানেজারগণ প্রতিদিনের মিলের হিসাব করতে পারবে।

সেবা প্রদান পদ্ধতিতে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে এ্যাপের ব্যবহার সেবাগ্রহীতাদের সময়, ভোগান্তি, ও অর্থনৈতিক ব্যয় কমিয়ে সেবা প্রাপ্তিকে সহজীকরণ করবে এবং সেবার মানে ইতিবাচক ও গুণগত পরিবর্তন আনবে। এছাড়াও এই মোবাইল এ্যাপটি বাংলাদেশের অন্যান্য প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ব্যবহার করে তারাও তাদের বিদ্যমান সেবা সমূহকে সহজীকরণের মাধ্যমে মানুষের হাতের নাগালে পৌঁছে দিতে পারবে।

৫। টিসিভি/ গ্রাফ/ ইনফোগ্রাফিক্স/ ছবি/ ভিডিও

| প্রত্যাশিত ফলাফল ( TCV++) (সম্ভাব্য একজন সেবাগ্রহীতার ক্ষেত্রে) | | | |
|---|---|---|---|
| | সময় (দিন) | খরচ (টাকা) | যাতায়াত (কতবার) |
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ৩ দিন | ৩০০০/- (১০০০X৩) | ৬ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১ দিন | ১০০০/- | ২ বার |
| মোট পার্থক্য | ২ দিন | ২০০০/- | ৪ বার |
| অন্যান্য (TCV ++ কমেনি, কিন্তু গুণগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে) | সেবা প্রদান পদ্ধতিতে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে এ্যাপের ব্যবহার সেবাগ্রহীতাদের সময়, ভোগান্তি, ও অর্থনৈতিক ব্যয় কমিয়ে সেবা প্রাপ্তিকে সহজীকরণ করবে এবং সেবার মানে ইতিবাচক ও গুণগত পরিবর্তন আনবে। | | |



**আইডিয়াটির সেবা প্রদানের কর্মপ্রক্রিয়া**

GET IT ON
Google Play

নায়েম সম্পর্কিত মোবাইল এ্যাপটি Google Play Store থেকে ডাউনলোড করা যাবে




নায়েম সম্পর্কিত মোবাইল এ্যাপটি এরকম পেইজ-এ পাওয়া যাবে


National Academy for Educational Management
Enhance Your Teaching Excellency
নায়েম সম্পর্কিত তথ্য
মহাপরিচালক সম্পর্কিত তথ্য
প্রশিক্ষণ সম্পর্কিত তথ্য
প্রশিক্ষণার্থী লগইন
লাইব্রেরী
সিটিজেন চার্টার

এ্যাপের কভার পেইজ




বিভিন্ন প্রশিক্ষণের লগ-ইন ও রেজিস্ট্রেশন





লগ-ইন ও নতুন রেজিস্ট্রেশন


National Academy for Educational Management
Enhance Your Teaching Excellency
লগইন
নতুন ব্যবহারকারী
রেজিস্টার





রেজিস্ট্রেশন সাবমিট



National Academy for Educational Management
Enhance Your Teaching Excellency
কোর্স সম্পর্কিত তথ্য
নোটিশ সম্পর্কিত তথ্য
পরীক্ষা সম্পর্কিত তথ্য
কমিটি সম্পর্কিত তথ্য
হোস্টেল সম্পর্কিত তথ্য
মেস সম্পর্কিত তথ্য
মূল্যায়ন ফরম
অভিযোগ




সংশ্লিষ্ট কোর্স সম্পর্কিত তথ্য


National Academy for Educational Management
কোর্স সম্পর্কিত তথ্য
নোটিশ সম্পর্কিত তথ্য
পরীক্ষা সম্পর্কিত তথ্য
কমিটি সম্পর্কিত তথ্য
হোস্টেল সম্পর্কিত তথ্য
মেস সম্পর্কিত তথ্য
মুল্যায়ন ফরম
অভিযোগ




সংশ্লিষ্ট কোর্স সম্পর্কিত অন্যান্য তথ্য




খাবার মিলের যাবতীয় তথ্য


National Academy for Educational Management
Enhance Your Teaching Excellency
কোর্স সম্পর্কিত তথ্য
নোটিশ সম্পর্কিত তথ্য
পরীক্ষা সম্পর্কিত তথ্য
কমিটি সম্পর্কিত তথ্য
হোস্টেল সম্পার্কিত তথ্য
মেস সম্পার্কিত তথ্য
মূল্যায়ন ফরম
অভিযোগ




অভিযোগ বা পরামর্শ প্রদানের অংশ

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম

| সদস্য/ সদস্যদের নাম ও ঠিকানা | গ্রুপ ছবি |
|---|---|
| ১। মোঃ রাজিউর রহমান (০২৬২৩৪)<br>প্রভাষক, ইসলামী শিক্ষা, সরকারী বরিশাল কলেজ, বরিশাল। ০১৭৩৮১১৩২৫৩<br><br>২। মোঃ আতিকুর রহমান (০২৫৪৬৬)<br>প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, সরকারি এমসি কলেজ, সিলেট। ০১৭১৮০০৯২২৩<br><br>৩। আবু মোহাম্মদ যোবায়ের (০২৫৫৫৬) | |

| | |
|---|---|
| প্রভাষক, ইংরেজী, আলেকান্দা সরকারি কলেজ, বরিশাল। ০১৭২২৪৮৮৮৫২<br><br>৪। শিশির চন্দ্র পাইক (০২৫৮৬০)<br>প্রভাষক, সমাজকল্যাণ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল। ০১৭৭২০২১২৮৬<br>(টিম লিডার ও আইডিয়া প্রদানকারী)<br><br>৫। মোঃ আরিফুর রহমান (০২৫৭২০)<br>প্রভাষক, দর্শন, কোটালীপাড়া শেখ লুতফর রহমান সরকারি কলেজ, গোপালগঞ্জ। ০১৯১৩৭৭৮২৬০ | |




ইনোভেশন শোকেসিং-এ বিজয়ী হওয়ার পর গ্রুপ ছবি